

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১৩৬৭

১১/ জানাযা

পরিচ্ছেদঃ সমবেদনা প্রকাশ

আরবী

عَنْ أُمِّ سَلَمَةَ أَنَّهَا قَالَتْ سَمِعْتُ رَسُولَ اللهِ عَلَيْ يَقُولُ مَا مِنْ مُسْلِمٍ تُصِيبُهُ مُصِيبَةٌ فَيَقُولُ مَا أَمْرَهُ اللهُ إِنَّا لِلهِ وَإِنَّا إِلَيْهِ رَاجِعُونَ اللَّهُمَّ أُجُرْنِي فِي مُصِيبَتِي وَأَخْلِفْ لِي خَيْرًا مِنْهَا إِلاَّ أَخْلُفَ اللهُ إِنَّا لِلهِ وَإِنَّا إِلَيْهِ رَاجِعُونَ اللَّهُمَّ أَجُرْنِي فِي مُصِيبَتِي وَأَخْلِفْ لِي خَيْرًا مِنْهَا إِلاَّ أَخْلُفَ اللهُ لَهُ خَيْرًا مِنْهَا قَالَتْ فَلَمَّا مَاتَ أَبُو سَلَمَةَ قُلْتُ أَيُّ الْمُسْلِمِينَ خَيْرٌ مِنْ أَبِي سَلَمَةَ أَوَّلُ بَيْتٍ هَاجَرَ إِلَى رَسُولِ اللهِ عَلَيْ ثُمَّ إِنِي قُلْتُهَا فَأَخْلَفَ اللهُ لِي رَسُولَ اللهِ عَلَيْ ثُمَّ إِنِي قُلْتُهَا فَأَخْلُفَ اللهُ لِي رَسُولَ اللهِ عَلَيْ فَقُلْتُ إِنَّ لِي بِنْتًا وَأَنَا قَالَتْ أَرْسَلَ إِلَى رَسُولُ اللهِ عَلَيْ حَاطِبَ بْنَ أَبِي بَلْتَعَةَ يَخْطُبُنِي لَهُ فَقُلْتُ إِنَّ لِي بِنْتًا وَأَنَا غَيُونَ فَقَالَ أَمَّا ابْنَتُهَا فَقُلْتُ إِنَّ لِي بِنْتًا وَأَنَا غَيُونَ فَقَالَ أَمَّا ابْنَتُهَا فَنَدْعُو اللهَ أَنْ يُغْنِيهَا عَنْهَا وَأَدْعُو اللهَ أَنْ يَذْهَبَ بِالْغَيْرَةِ عَلَى لَهُ اللهَ أَنْ يُذْهِبَ بِالْغَيْرَةِ

বাংলা

(১৩৬৭) উন্মে সালামাহ (রাঃ) বলেন, আমি শুনেছি আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন যে, কোনও মুসলিমের উপর যখন কোন বিপদ আসে এবং সে যদি আল্লাহর আদেশমত ইন্না লিল্লা-হি ... খাইরাম মিনহা' বলে তাহলে আল্লাহ তার ঐ বিপদ অপেক্ষা উত্তম বিনিময় দান করেন। উন্মে সালামাহ বলেন, অতঃপর যখন (আমার স্বামী) আবু সালামাহ মারা গেলেন তখন আমি বললাম, মুসলিমদের মধ্যে আর কে এমন ব্যক্তি আছে যে (আমার নিকট) আবু সালামার চেয়ে ভালো হবে? যার পরিবার ছিল আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর প্রতি প্রথম হিজরতকারী পরিবার। আমি (মনে মনে) এরূপ বারবার বলতাম।

অতঃপর আল্লাহ তাঁর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বিনিময় স্বরূপ আমাকে দান করলেন। তিনি হাত্বেব বিন আবী বালতাআহকে আমার নিকট বিবাহের পয়গাম দিয়ে পাঠালেন। আমি বললাম, আমার একটি মেয়ে আছে, আর আমি বড় (সপত্নীর বিষয়ে) ঈর্ষাবতী। কিন্তু তিনি বললেন, 'আমরা তার মেয়ের জন্য দু'আ করব, যাতে আল্লাহ তার নিকট থেকে মায়ের প্রয়োজন দূর করে দেন এবং আরো দু'আ করব যাতে তার (উম্মে সালামার) ঈর্ষা দূরীভূত হয়ে যায়।

ফুটনোট



(আহমাদ ১৬৩৪৪, ২৬৬৩৫, মুসলিম ২১৬৫-২১৬৬, বাইহাক্কী ৭৩৭৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ উম্মু সালামাহ (রাঃ)

 ${\color{red} {\it 9}} {\color{blue} Link-https://www.hadithbd.com/hadith/link/?id=65115}$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন